

সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১১৭৭

১৩/ তালাক ও লি'আন (إلله عن رسول الله عن رسول الله) পরিচ্ছেদঃ সুন্নাহ অনুযায়ী তালাক।

باب مَا جَاءَ فِي طَلاَقِ السُّنَّةِ

আরবী

حَدَّثَنَا هَنَّادٌ، حَدَّثَنَا وَكِيعٌ، عَنْ سُفْيَانَ، عَنْ مُحَمَّد بْنِ عَبْدِ الرَّحْمَنِ، مَوْلَى آلِ طَلْحَةً عَنْ سَالِمٍ، عَنْ أَبِيهِ، أَنَّهُ طَلَّقَ امْرَأْتَهُ فِي الْحَيْضِ فَسَأَلَ عُمَرُ النَّبِيَّ صلى الله عليه وسلم فَقَالَ " مُرهُ فَلْيُرَاجِعْهَا ثُمَّ لْيُطَلِّقْهَا طَاهِرًا أَوْ حَامِلاً " . قَالَ أَبُو عِيسَى حَدِيثُ يُونُسَ بْنِ جَبَيْرٍ عَنِ ابْنِ عُمَرَ حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ وَكَذَلِكَ حَدِيثُ سَالِمٍ عَنِ ابْنِ عُمَرَ وَقَدْ رُوي جَبَيْرٍ عَنِ ابْنِ عُمَرَ عَنِ ابْنِ عُمَرَ عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم . وَالْعَمَلُ عَلَى هَذَا الْحَدِيثُ مِنْ غَيْرِ وَجْهٍ عَنِ ابْنِ عُمَرَ عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم . وَالْعَمَلُ عَلَى هَذَا الْحَدِيثُ مِنْ غَيْرِ مِحْ عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم وَغَيْرِهِمْ أَنَّ طَلاَقَ السُنَّةِ مَنْ يُطِلِقُهُم طَلُولُ السُّنَةِ مَنْ أَصْحَابِ النَّبِيِّ صلى الله عليه وسلم وَغَيْرِهِمْ أَنَّ طَلاَقَ السُنَّةِ أَنْ يُطَلِقُهُما طَاهِرًا مِنْ غَيْرِ جِمَاعٍ . وَقَالَ بَعْضُهُمْ إِنْ طَلَقَهَا ثَلاَثًا وَهِيَ طَاهِرٌ فَإِنَّهُ يَكُونُ أَنْ يُطَلِقُهُما طَاهِرًا مِنْ غَيْرِ جِمَاعٍ . وَقَالَ بَعْضُهُمْ إِنْ طَلَقَهَا ثَلاَتًا وَهِيَ طَاهِرٌ فَإِلَّا لِلسُّنَةِ أَيْضًا . وَهُو قَوْلُ الشَّافِعِيِّ وَأَحْمَد مِنْ وَإِسْحَاقَ . وَقَالَ بَعْضُهُمْ لاَ تَكُونُ ثَلاَتًا لِلسُّنَةِ الْمُلِلَّةُ أَيْضًا . وَهُو قَوْلُ الشَّافِعِيِّ وَأَحْمَد وَإِسْحَاقَ . وَقَالَ بَعْضُهُمْ يُطَلِقُهَا الْمَالِقَ فَي طَاهِرٌ يُطَلِقُهُما وَاحِدَةً وَاحِدَةً . وَهُو قَوْلُ الشَّافِعِيِّ وَأَحْمَدَ وَإِسْحَاقَ . وَقَالَ بَعْضُهُمْ يُطَلِقُهُا عَلَي مِنْ لَطُلِقَةً الْمَلَاقِ اللهَ عَنْ لُ الشَّافِعِيِّ وَأَحْمَدَ وَإِسْحَاقَ . وَقَالَ بَعْضُهُمْ يُطَلِقُهُا عَنْ لَاللهَ عَنْ السَّافِعِيِ وَأَحْمَدَ وَإِسْحَاقَ . وَقَالَ بَعْضُهُمْ يُطَلِقُهُا عَلْدَ كُلُّ شَهْرِ تَطْلِيقَةً .

বাংলা

১১৭৭. হান্নাদ (রহঃ) সালিম তাঁর পিতা থেকে বর্ণনা করেন যে, তিনি তাঁর স্ত্রীকে হায়য অবস্থায় তালাক দিয়েছিলেন। উমার রাদিয়াল্লাহু আনহু এই সম্পর্কে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে জিজ্ঞাসা করলে তিনি বললেন, তাকে স্ত্রীর সঙ্গে রাজ'আত করার নির্দেশ দাও। এরপর যেন সে তার স্ত্রীকে পাক অবস্থায় বা গর্ভাবস্থায় তালাক দেয়। - ইবনু মাজাহ ২০২৩, মুসলিম, তিরমিজী হাদিস নম্বরঃ ১১৭৬ [আল মাদানী প্রকাশনী]

ইমাম আবূ ঈসা (রহঃ) বলেন, ইবনু উমার রাদিয়াল্লাহু আনহু থেকে ইউনুস ইবনু জুবায়র বর্ণিত হাদীসটি হাসান-সাহীহ। ইবনু উমার থেকে সালিম রাদিয়াল্লাহু আনহু বর্ণিত রিওয়ায়াতটিও তদ্ধপ। ইবনু উমার রাদিয়াল্লাহু আনহু



সূত্রে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর এই হাদীসটি একাধিক সনদে বর্ণিত আছে। সাহাবী ও অন্যান্য আলিমদের মধ্যে এই হাদীস অনুসারে আমল রয়েছে যে, সুন্নাত তালাক হল সঙ্গম ব্যতীত পবিত্রতার কালে স্ত্রীকে তালাক দেওয়া। কেউ কেউ বলেন, তহুর অবস্থায় যদি কেউ তিন তালাক দিয়ে দেয় তবুও তা সুন্নাত তালাক হবে। এ হলো ইমাম শাফিঈ ও আহমাদ (রহঃ) এর অভিমত। কোন কোন আলিম বলেন, একত্রে তিন তালাক সুন্নাত তালাক হবে না, যদি না তা এক এক করে (তিন তহুরে) দেওয়া হয়। এ হল ইমাম ছাওরী ও ইসহাক (রহঃ)-এর অভিমত। গর্ভাবস্থায় তালাক দেওয়া সম্পর্কে আলিমগণ বলেন যে, স্বামী (প্রয়োজনে) যখন ইচ্ছা তাকে তালাক দিতে পারে। এ হলো ইমাম শাফিঈ, আহমদ ও ইসহাক (রহঃ) এর অভিমত। কোন কোন আলিম বলেন, গর্ভাবস্থায় প্রতি মাসে একটি তালাক দিবে।

English

Salim narrated that:

His father divorced his wife during her menses, so Umar asked the Prophet about that and he said: "Tell him to take her back, then let him divorce her while she is pure or pregnant."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ সালিম ইবনু 'আবদুল্লাহ্ (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন